

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
আরবান প্ল্যানিং  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩১

তারিখ: ১৮ বৈশাখ ১৪২৭

০১ মে ২০২০

বিষয়: "রাজশাহীর চন্দ্রিমা থানা ভবন ও ফোর্সের ব্যারাক" নির্মানের জন্য ১.০০ একর জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, কেশবপুর, রাজশাহীর স্মারক নং-আরএমপি/ইএন্ড ডি/জমি/১০-৫০/২০১৮/২১;  
তারিখঃ ১৫/০১/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, রাজশাহীর চন্দ্রিমা থানা ভবন ও ফোর্সের ব্যারাক" নির্মানের জন্য পবা থানাধীন ছোটবনগ্রাম মৌজার জে. এল. নং-১৩৩ এর ১.০০ (এক) একর ভূমি অধিগ্রহণের জন্য রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী আবেদন করেছেন।

জমির তফসিল

| জেলা    | থানা | মৌজা       | জে এল নং | আর এস দাগ নং        | জমির পরিমাণ  |
|---------|------|------------|----------|---------------------|--------------|
| রাজশাহী | পবা  | ছোটবনগ্রাম | ১৩৩      | ৪১৮,৪১৯,৪২৪,৪২৬,৪২৭ | ১.০০(এক) একর |

সরজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান RMDP (2004-2024) পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত ভূমি Residential হিসেবে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, রাজশাহীর চন্দ্রিমা থানা ভবন ও ফোর্সের ব্যারাক" নির্মানের জন্য পবা থানাধীন ছোটবনগ্রাম মৌজায় নিম্ন লিখিত শর্তসাপেক্ষে সরকারি প্রয়োজনে ও জনস্বার্থে নির্দেশক্রমে অত্র অধিদপ্তরের অনাপত্তিপত্র প্রদান করা হল।

শর্তাবলীঃ

১। ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থা কে প্রচলিত আইন বা বিধি বিধান মেনে ভূমি অধিগ্রহণ করতে হবে,

২। প্রস্তাবিত সাইটের পশ্চিম পাশে বিদ্যমান "বার রাস্তার মোড় হইতে ভদ্রা মোড় সংযোগ সড়ক" টি যদি ভবিষ্যতে প্রশস্তকরণের প্রয়োজন হয় (রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক যদি সিদ্ধান্ত গৃহীত বা সংশোধিত মাস্টার প্লানে প্রস্তাবিত হয়), সে লক্ষ্যে সাইটের অভ্যন্তরে প্রয়োজনীয় জায়গা সংরক্ষণ করে ভবন বা স্থাপনা নির্মাণ করতে হবে।

৩। উক্ত সাইট সংলগ্ন রাস্তায় যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

১। সরজমিনে পরিদর্শন প্রতিবেদন

২। রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান RMDP (2004-2024) বিদ্যমান ভূমি ব্যবহার

৩। রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান RMDP (2004-2024) প্রস্থাবিত ভূমি ব্যবহার

৪। গুগল ম্যাপে প্রস্থাবিত স্থান চিহ্নিত ম্যাপ



৩-৫-২০২০

মাকসুদ হাসেম

সিনিয়র প্ল্যানার

মোঃ সাইফউদ্দিন শাহীন, উপ-পুলিশ কমিশনার( এস্টেট,

সাপ্লাই এন্ড এমটি))

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩১/১(৪)

তারিখ: ১৮ বৈশাখ ১৪২৭

০১ মে ২০২০


সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর

২) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

৩) প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

৪) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



৩-৫-২০২০

মোহসিনাত নাসরিন

প্ল্যানার